

7757 - বিয়ের প্রস্তাবকারী ছেলের জন্য পাত্রীর সাথে নির্জনে অবস্থান করা নাজায়েয

প্রশ্ন

বিয়ের পূর্বে একজন মুসলিম যুবকের জন্য একজন মেয়ের সাথে ঘুরতে বের হওয়া কি জায়েয আছে? যদি তারা বের হয় তাহলে এর পরিণতি কী হবে? বিয়ের পূর্বে যুবক-যুবতী ঘুরতে বের হওয়ার প্রসঙ্গে ইসলাম কি বলে?

প্রিয় উত্তর

কোন পুরুষের জন্য বেগানা কোন নারীর সাথে নির্জনে অবস্থান করা নাজায়েয। কেননা এটি পাপ ও নষ্টামির আহ্বায়ক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যদি কোন পুরুষ কোন নারীর সাথে নির্জনে একত্রিত হয় সেখানে শয়তান হয় তাদের তৃতীয়জন”। যদি সে মেয়ের সাথে বিয়ে পাকাপোক হওয়ায় মেয়েকে দেখার উদ্দেশ্য হয় তাহলে সেটা নির্জনে হতে পারবে না। বরং মেয়ের পিতা, ভাই, মা কিংবা এমন কারো উপস্থিতিতে হতে হবে এবং সেই ছেলে ফিতনা থেকে নিরাপদ থেকে মেয়ের এমন অঙ্গগুলো দেখতে পারবেন যেগুলো সাধারণভাবে প্রকাশিত হয়ে থাকে; যেমন চেহারা, চুল, হাতের কজিহ্বয় ও পা-যুগল। এটাই সুন্নাহর দাবী।